ইত্তেফাক

তারিখ ১২।১।৮১
পৃষ্ঠা ৮ কলাম ১

026

## প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি সমর্থন

( ইত্তেফাক রিপোর্ট )

জাসদের সাধারণ সম্পাদক জনাব আ,স,ম আবদুর রব ও বাংলাদেশ নন-গেজেটেড সরকারী কর্মচারী ঐক্যফ্রন্ট বিভিন্ন দাবীর ভিত্তিতে আন্দোলনরত প্রাথমিক শিক্ষকদের প্রতি সমর্থন জানাইয়াছেন।

জনাব আ,স,ম, আবদুর রব বিবৃতিতে ১৩ই জানুয়ারী 'বিশ্বাস

(৮ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকদের দাবী

( ১ম পৃঃ পর )

ভঙ্গ দিবস' এর কর্মসূচীর প্রতি সমর্থন জানান ও 'টালবাহানা' না করিয়া প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়া মানিয়া নেওয়ার আহ্বান জানান। জনাব রব প্রাথমিক বিদ্যালয়কে পৌর কর্পোরেশনের নিকট হস্তান্তর সম্পর্কিত বিল প্রত্যাহারেরও আহ্বান জানান।

### সমাবেশ ও মিছিল

১৩ই জানুয়ারী 'বিশ্বাস ভঙ্গ দিবস'-এর সমর্থনে আজ (সোমবার) সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন প্রাঙ্গণে নগরীর প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হইবে।

### 'দুর্ব্যবহারের' নিন্দা

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আ. কা. ফজলুল হক যুক্ত বিবৃতিতে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান কর্তৃক রংপুরে 'প্রাথমিক শিক্ষকদের সহিত দুর্ব্যবহারের' নিন্দা করিয়াছেন।

### মেয়রের উক্তির প্রতিবাদ

ডাকসুর সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না ও সাধারণ সম্পাদক জনাব আখতারুজ্জামান এক যুক্ত বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের সম্পর্কে ঢাকা পৌর করপোরেশনের মেয়র ব্যারিষ্টার আবুল হাসনাতের 'অশালীন উক্তির' নিন্দা করিয়াছেন। তাঁহারা শিক্ষকদের দাবী মানিয়া নেওয়ারও আহ্বান জানান।